



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.২৭.০০১.২১-২২৯

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৭  
১৮ ফেব্রুয়ারি ২০২১

**বিষয়: কারণ দর্শানো নোটিশ**

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: বকুল হোসেন, ইউপি সদস্য, ০৩নং ওয়ার্ড, রাইপুর ইউনিয়ন পরিষদ, গাংনী, মেহেরপুর-কে বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা প্রদানের নিমিত্ত তালিকা প্রণয়নকালে ০৫ জন ভাতাভোগীদের কাছ থেকে ১,০০০/- (এক হাজার) টাকা করে নেওয়ার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, মেহেরপুর এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ২২৮ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, মেহেরপুর এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৬৬০০৫

ই-মেইল: up1lgd@gmail.com

জনাব মো: বকুল হোসেন (সাময়িক বরখাস্তকৃত)  
ইউপি সদস্য, ০৩নং ওয়ার্ড  
রাইপুর ইউনিয়ন পরিষদ  
গাংনী, মেহেরপুর।

**বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)**

- ১। জেলা প্রশাসক, মেহেরপুর (উল্লিখিত ইউপি সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।
- ✓ ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।